

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত গণপ্রজাতন্ত্রী

বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সরকারি মাধ্যমিক-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২৫.০০১.১৭.৮৬৬

তারিখ: ১ শ্রাবণ ১৪২৫

১৬ জুলাই ২০১৮

বিষয়: অফিস আদেশ

নিম্নবর্ণিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের বিদেশ গমনের উদ্দেশ্যে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট দেশে গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো :

ক্র: নং	নাম ও পদবী ও বর্তমান কর্মস্থল	ভ্রমণকৃত দেশের নাম(ভ্রমণের উদ্দেশ্য)	ভ্রমণের সময়কাল ও ছুটির ধরণ
১.	জনাব পুলিন চন্দ্র রায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ছাতক, সুনামগঞ্জ।	ভারত (তীর্থ স্থান ভ্রমণ ও আত্মীয় স্বজনদের সংগে সাক্ষাতের উদ্দেশ্যে)	২৩.০৭.২০১৮ হতে ০৬.০৮.২০১৮ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিন অথবা যাত্রার তারিখ হতে ১৫ (পনের) দিন গড় বেতনে অর্জিত ছুটি।
২.	জনাব মো: আব্দুর রশীদ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কুমারখালী কুষ্টিয়া।	সৌদি আরব (পবিত্র হজ্জব্রত পালনের উদ্দেশ্যে)	২০.০৭.২০১৮ হতে ০৫.০৯.২০১৮ তারিখ পর্যন্ত ৪৮(আটচল্লিশ) দিন অথবা যাত্রার তারিখ হতে ৪৮ (আটচল্লিশ) দিন গড় বেতনে অর্জিত ছুটি।
৩.	জনাব সেখ ফিরোজ আহমেদ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অভয়নগর, যশোর।	ভারত দর্শনীয় স্থান ভ্রমণ ও স্ট্রীর চিকিৎসার জন্য	০১.০৭.২০১৮ হতে ২৯.০৮.২০১৮ তারিখ পর্যন্ত ৬০(ষাট) দিন অথবা যাত্রার তারিখ হতে ৬০(ষাট) দিন গড় বেতনে অর্জিত ছুটি।
৪.	জনাব ফকির জাকির হোসেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাড়াশ, সিরাজগঞ্জ।	থাইল্যান্ড ও মালয়েশিয়া (দর্শনীয় স্থান ভ্রমণের উদ্দেশ্যে)	১৭.০৬.২০১৮ হতে ৩০.০৬.২০১৮ তারিখ পর্যন্ত ১৪(চৌদ্দ) দিন অথবা যাত্রার তারিখ হতে ১৪(চৌদ্দ) দিন গড় বেতনে অর্জিত ছুটি।

শর্তসমূহ:

- তারা নিজ খরচে এ ভ্রমণ সম্পন্ন করবেন। এ ভ্রমণে বাংলাদেশ সরকার স্থানীয়/বিদেশিক মুদ্রায় কোন খরচ বহন করবে না;
- তারা অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না এবং যথাসময়ে দেশে ফিরে এসে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- যথাসময়ে দেশে ফিরে কর্মস্থলে যোগদানে ব্যর্থ হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাঁদের কর্মস্থলে যোগদানের নির্ধারিত তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে তাঁদের অনুপস্থিতির বিষয়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;
- বিদেশে অবস্থানকালীন তারা বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ ব্যয় তাঁদের আয়কর হিসাব বিবরণীতে প্রদর্শন করতে হবে। বিদেশ ভ্রমণের পূর্বে তারা কোন তারিখ থেকে ভ্রমণ করবেন তা কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাবেন এবং ভ্রমণ শেষে যোগদানের বিষয়টিও লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(স্বাক্ষরিত/-)

(আবু আলী মোঃ সাজ্জাদ
হোসেন)
উপসচিব
ফোন : ৯৫৭৬৭৮০

অনুলিপি: সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পাসপোর্ট ও বহির্গমন অধিদপ্তর, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বহির্গমন বিভাগ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ স্থল বন্দর, বেনাপোল, যশোর, আখাউড়া, / হিলি, দিনাজপুর/ বাংলাবান্দা, তেতুলিয়া, পঞ্চগড়/ভোমরা, কালীগঞ্জ, সাতক্ষীরা।
- ৭। পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল / রাজশাহী অঞ্চল /খুলনা অঞ্চল ।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৯। জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ছাতক, সুনামগঞ্জ/ কুমারখালী, কুষ্টিয়া/অভয়নগর, যশোর/ তাড়াশ, সিরাজগঞ্জ।
- ১০। জনাব পুলিন চন্দ্র রায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
- ১১। জনাব মো: আব্দুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী কুষ্টিয়া
- ১২। জনাব সেখ ফিরোজ আহমেদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অভয়নগর, যশোর।
- ১৩। জনাব ফকির জাকির হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
- ১৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



১৬-৭-২০১৮

আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন
উপসচিব

পররাষ্ট্র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়